| ভ্যাট দিব জনে জনে<br>অংশ নিব উন্নয়নে | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী<br>বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট<br>উপশহর, রাজশাহী।<br>**www.cevrajshahi.gov.bd** | অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য<br>ভিজিট করুন: www.vat.gov.bd |
|---|---|---|

নথি নং-০৪/রাজ.কমি./মূসক/১৮/লাবলু বাবুল কম্পো: টেক্স: লিঃ/সিরাজগঞ্জ/অব্যাহতি/২০২৩/৪১৭৪ তারিখ: ২৯ /১২/২০২৪ খ্রি.।

## আদেশ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী লাভলু বাবুল কম্পোজিট টেক্সটাইলস লি:, শিলন্দা, শিয়ালকোল, সিরাজগঞ্জ (বিআইএন: ০০১৭৯৪৭৭৩-১১০৭) নামীয় শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠান হিসেবে উপর্যুক্ত এস.আর.ও এর অনুচ্ছেদ-(ক) এর টেবিল-১ এ বর্ণিত গ্যাস এবং অনুচ্ছেদ-(খ) এর টেবিল-০২ এ বর্ণিত বিদ্যুৎ বিলের উপর প্রদেয় মূল্য সংযোজন কর (মূসক) হতে প্রযোজ্য হারে মূসক অব্যাহতি প্রাপ্তির জন্য আবেদন করেছেন। উক্ত আবেদনটি পর্যালোচনাপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিরাজগঞ্জ-কে দায়িত্ব দেয়া হয়। তৎপ্রেক্ষিতে উক্ত বিভাগ হতে আলোচ্য বিষয়ে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানটির রপ্তানিতব্য পণ্য উৎপাদনে ব্যবহৃত গ্যাস মিটার নম্বর: ০০৪২০০৮০২৩৭১২১ ও মিটার নম্বর: ৩৪০৪৪৬৪৪৬৮/২০২৩ এবং বিদ্যুৎ মিটার নম্বর-১৭৪০০০০৫ এর ক্ষেত্রে উপর্যুক্ত এস.আর.ও-তে এবং সাধারণ আদেশে বর্ণিত শর্তাদি পূরণ করা হয়েছে এবং এ কারণে উক্ত মিটারসমূহের বিলের উপর শতভাগ মূসক অব্যাহতি সুবিধা প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে যা এ দপ্তরে কর্মরত কর্মকর্তাগণ কর্তৃক পুন:পুন যাচাইপূর্বক গৃহীত হয়েছে।

০২। এ অবস্থায়, আলোচ্য আবেদনের তারিখ (১২/০৩/২০২৪ খ্রি.) বিবেচনায় আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নবর্ণিত টেবিলের ২ নং কলামে বর্ণিত খাতের জন্য ৩ নং কলামে বর্ণিত পণ্য ও সেবার কোডের ক্ষেত্রে ৪ নং কলামে বর্ণিত গ্যাস মিটার নম্বর: ০০৪২০০৮০২৩৭১২১ ও মিটার নম্বর: ৩৪০৪৪৬৪৪৬৮/২০২৩ এর অনুকূলে এবং বিদ্যুৎ মিটার নম্বর-১৭৪০০০০৫ এর অনুকূলে মার্চ/২০২৪ খ্রি. মাস থেকে পরবর্তী সময়ের গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর উক্ত টেবিলের ৫ নং কলামে উল্লিখিত হারে মূল্য সংযোজন কর (মূসক) হতে অব্যাহতি প্রদান করা হলো:

<u>টেবিল</u>

| ক্র: নং | খাত | শিরোনামা সংখ্যা | মিটার নম্বর | মূল্য সংযোজন কর অব্যাহতির হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | প্রাকৃতিক গ্যাস | ২৭১১.২১.০০ | মিটার নম্বর: ০০৪২০০৮০২৩৭১২১ ও মিটার নম্বর: ৩৪০৪৪৬৪৪৬৮/২০২৩ | ১০০% (একশত শতাংশ) |
| ২. | বিদ্যুৎ বিতরণকারী | S০৫৭.০০ | মিটার নম্বর-১৭৪০০০০৫ | ১০০% (একশত শতাংশ) |

শর্তসমূহ : (ক) মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. পরিশিষ্ট-ক এ বর্ণিত ছক মোতাবেক বৈদেশিক মুদ্রা প্রত্যাবসনের প্রমাণপত্র [Proceeds Realization Certificate (PRC)] সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

(খ) রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. পরিশিষ্ট-খ এ বর্ণিত ছক মোতাবেক মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে; এবং

(গ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে উক্ত অসামঞ্জস্যতা বিষয়ে



[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

CamScanner

কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

০৩। এ আদেশ মার্চ/২০২৪ খ্রি. মাসের প্রাকৃতিক গ্যাস ও বিদ্যুৎ বিল হতে আগামী ৩১/১২/২০২৭ খ্রি. তারিখ পর্যন্ত কার্যকর থাকবে।

২৯/১২/২৫

(মোঃ আবদুল হাকিম)
কমিশনার
ফোন : ০২৫৮৮৮০১১০৫
E-mail: cevraj93@yahoo.com

২৯/১২/২০২৪

প্রাপক: স্বত্তাধিকারী/চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক
লাভলু বাবুল কম্পোজিট টেক্সটাইল লি:
শিলন্দা, শিয়ালকোল
সিরাজগঞ্জ।

নথি নং-০৪/রাজ.কমি./মূসক/১৮/লাবলু বাবুল কম্পো: টেক্স: লিঃ/সিরাজগঞ্জ/অব্যাহতি/২০২৩ তারিখ: /১২/২০২৪ খ্রি.।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২ তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
০২। দ্বিতীয় সচিব (মূসক পরি: ও প্রত্যর্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাওঁ, ঢাকা।
০৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিরাজগঞ্জ।
[তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ : ২৬/০৯/২০১৯ খ্রি: এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
০৪। ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., পেট্রোসেন্টার, লেভেল ১৩, পেট্রোসেন্টার, কাওরান বাজার, ঢাকা।
০৫। জেনারেল ম্যানেজার (হিসাব ও অর্থ), পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., নলকা, সিরাজগঞ্জ।
০৬। ডেপুটি জেনারেল ম্যানেজার (হিসাব), পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., নলকা, সিরাজগঞ্জ।
০৭। ডেপুটি জেনারেল ম্যানেজার (রাজস্ব), পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., নলকা, সিরাজগঞ্জ।
০৮। ব্যবস্থাপক (অপারেশন), পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., নলকা, সিরাজগঞ্জ।
০৯। উপ ব্যবস্থাপক (রাজস্ব), পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., নলকা, সিরাজগঞ্জ।
১০। নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ বিভাগ), সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, সিরাজগঞ্জ।
১১। উপ-পরিচালক (আ:হি:দ:), সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, সিরাজগঞ্জ।
১২। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিরাজগঞ্জ।
১৩। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল-২, সিরাজগঞ্জ।
[তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।]

//

(তানিয়া আলম)
সহকারী কমিশনার

F:\VAT Branch (Ibrahim)-19.08.2024\EPZ (মূসক অব্যাহতি)\মূসক অব্যাহতি আদেশ-23.12.2024 to Present.doc-23.12.2024

CS CamScanner